

AP
১৯

খান মাসুম বিহার
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফিন্যান্স বিভাগ

R-2109
২২/১০/২০২৪

নং- ০৫.০০.০০০০.১১০.৯৯.০০২.১৭-১৩৩৭

তারিখ: ০৬ কার্তিক, ১৪৩১
২২ অক্টোবর, ২০২৪

বিষয় : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারে অধিকতর তৎপর হওয়া প্রসঙ্গে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিশেষ করে হোয়াটসঅ্যাপসহ অন্যান্য যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গুরুত্বপূর্ণ তথ্য আদান-প্রদান করা যায় এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সহজতর হয়। তথ্য প্রযুক্তি কার্যকর ব্যবহারের মাধ্যমে সরকারি কাজের গতিশীলতা আনয়ন এবং কর্ম সম্পাদন বিলম্ব পরিহারকল্পে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন :

- (ক) হোয়াটসঅ্যাপসহ অন্যান্য যোগাযোগ মাধ্যম ব্যবহারে সকল কর্মকর্তাকে অধিকতর সচেতন ও সতর্ক থাকতে হবে, যাতে উর্ধ্বতন কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন এবং সকল সহকর্মীর সাথে যোগাযোগ সহজতর হয় এবং দ্রুত সাড়া (Response) প্রদান করা যায়;
- (খ) সকল কর্মকর্তাকে সার্বক্ষণিক মোবাইল ইন্টারনেট নেটওয়ার্ক সচল রাখার লক্ষ্যে ব্রডব্যান্ড, ওয়াইফাই অথবা মোবাইল ডাটার মাধ্যমে নেটওয়ার্কের সাথে সংযুক্তি নিশ্চিত করতে হবে;
- (গ) নিয়মিত বিরতিতে হোয়াটসঅ্যাপ মেসেজ পরীক্ষা করতে হবে, যাতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা বা পরামর্শ দ্রুততার সাথে বাস্তবায়ন করা যায়;
- (ঘ) হোয়াটসঅ্যাপ বা অন্য কোনো যোগাযোগ মাধ্যমে প্রদত্ত যে-কোনো সরকারি তথ্যের গোপনীয়তা রক্ষা করতে হবে;
- (ঙ) হোয়াটসঅ্যাপ বা অন্য কোনো মাধ্যমে সিদ্ধান্ত বা নির্দেশনা দেয়া হলে পরবর্তীতে তথ্য যাচাই-এর সুবিধার্থে রেকর্ডে তা সংরক্ষণ করতে হবে;

০২। এমতাবস্থায়, সরকারি কাজে গতিশীলতা আনয়ন এবং দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারে তৎপর হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ নাছির উল্লাহ খান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫১০০২১৬
ইমেইল: adminint@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)
- ২) মহাপরিচালক (সচিব), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ৩) রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- ৪) রেক্টর (সচিব), জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (নাডা)

- ৫) রেস্টুর (সচিব), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
- ৭) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
- ১০) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ
- ১১) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
- ১২) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা
- ১৩) যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৪) জেলা প্রশাসক (সকল)
- ১৫) উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ১৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।